

## আরও ছয় বিভাগ খুলছে যবিপ্রবি

স্টাফ রিপোর্টার, যশোর অফিস || যুগের চাহিদা মেটাতে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) কর্তৃপক্ষ বিভিন্ন অনুষদের অধীনে আরও ছয়টি বিভাগ খুলছে। বিভাগগুলো হলো- বাংলা, লেদার টেকনোলজি, ক্লাইমেট এ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, নার্সিং এ্যান্ড হেলথ সায়েন্স, ফিজিক্যাল মেডিসিন-ফিজিওথেরাপি এ্যান্ড রিহ্যাবিলিয়েটশন এবং মার্কেটিং। শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ৪৯তম রিজেন্ট বোর্ডে এই ছয়টি বিভাগ খোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এর আগে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে বিষয়গুলো খোলার বিষয়ে দীর্ঘ আলোচনা হয়। রিজেন্ট বোর্ডে জানানো হয়, বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতি-নির্ধারণী ফোরাম রিজেন্ট বোর্ডের অনুমোদনের পর এখন চূড়ান্ত অনুমোদনের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চের কমিশন (ইউজিসি) পাঠানো হবে। ইউজিসির অনুমোদন সাপেক্ষে পরবর্তী শিক্ষাবর্ষ থেকে বিষয়গুলোর একাডেমিক কার্যক্রম শুরু করবে বিশ্ববিদ্যালয়। বর্তমানে সাতটি অনুষদের অধীনে যবিপ্রবিতে ২২টি বিভাগ রয়েছে। রিজেন্ট বোর্ডের সভায়, ২০১৮-১৯ অর্থবছরের বাজেট পেশ করেন যবিপ্রবির কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ আবুল হোসেন। তিনি শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের বেতন, সরবরাহ ও সেবা এবং গবেষণাসহ নানা খাতে ২০১৮-১৯ অর্থবছরে বিশ্ববিদ্যালয় ৪০ কোটি ৭৫ লাখ টাকার বাজেট ঘোষণা করেন।

যবিপ্রবির উপাচার্য ও রিজেন্ট বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত ছিলেন যবিপ্রবির কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ আবুল হোসেন, সংসদ সদস্য স্বপন ভট্টাচার্য সংসদ সদস্য এস এম জগলুল হায়দার, যশোর আঞ্চলিক কৃষি গবেষণা ইনসিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ সিরাজুল ইসলাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. শরীফ এনামুল কবীর, ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতাল এ্যান্ড রিসার্চ ইনসিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা অধ্যাপক ডা. মোঃ আব্দুর রশীদ, যবিপ্রবির জীববিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন ড. কিশোর মজুমদার, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডীন ড. মোঃ ওমর ফারুক, বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. মোঃ আনিচুর রহমান, সরকারী এম এম কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ আবু তালেব মিয়া, সরকারী সিটি কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবু তোরাব মোহাম্মদ হাসান, যবিপ্রবির রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ আহসান হাবীব প্রমুখ।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।  
সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি এ ৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,  
জিপিও বাস্তু: ৩০৮০, ঢাকা।

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com)  
ই-জনকন্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright © All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)